

## সেন্ট জেভিয়ার্সে ছাত্রীদের নতুন হস্টেল

স্টাফ রিপোর্টার : নতুন ছাত্রী হস্টেল গড়ার কাজ শেষ করল সেন্ট জেভিয়ার্স বিশ্ববিদ্যালয়। বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ফাদার ফেলিক্স রাজ একথা জানিয়েছেন। তিনি জানান রাজারহাট নিউটাউন ক্যাম্পাসে ছাত্রীদের জন্য এটি বিত্তীয় হোস্টেল। নতুন হস্টেলটিতে উন্নতমানের সমস্ত সুবিধা পাওয়া যাবে। বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠান হবে ৯ ফেব্রুয়ারি। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে থাকবেন রাজ্যপাল জগদীপ শনকড়। ৪৫১ জন পড়ুয়াকে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি তুলে দেওয়া হবে সমাবর্তন অনুষ্ঠানে। উপাচার্য জানান, অনুষ্ঠান হবে কোভিড বিধি মেনে। চলতি বছরে সেন্ট জেভিয়ার্স বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর সাইকোলজি কোর্স শুরু করছে।